



স্মারক নং : পনি/উমা/বিজ্ঞপ্তি/১০৬

তারিখ : ২৭/০৭/২০২১ খ্রি.

এসএসসি ও এইচএসসি পরীক্ষা -২০২১ এর ৪র্থ বিষয় পরিবর্তন না করা সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

সূত্র : আস্তঃশিক্ষা বোর্ডের ২৬-০৭-২০২১ তারিখের ১৭৮/ডি:মা:পরি:/৭৪(অংশ-১)/৮-৩৫ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী কোভিড-১৯ জনিত অতিমারির কারণে এ বছর ২০২১ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষা শুধু গ্রুপ ভিত্তিক ০৩ টি নৈর্বাচনিক বিষয়ে পরীক্ষার সময় ও পরীক্ষার নম্বর-হাস করে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা গ্রহণ করা হবে। আবশ্যিক বিষয় ও ৪র্থ বিষয়ের কোন পরীক্ষা গ্রহণ করা হবে না।

এসএসসি এবং এইচএসসি পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত আবশ্যিক বিষয় ও ৪র্থ বিষয়ের নম্বর জাতীয় বিশেষজ্ঞ কর্মিটির সুপারিশক্রমে সাবজেক্ট ম্যাপিং-এর মাধ্যমে প্রদান করা হবে। এ ক্ষেত্রে উচ্চ শিক্ষার জন্য ভর্তি পরীক্ষায় কোন রকম নেতিবাচক প্রভাব পড়বে না।

এ মুহূর্তে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত ৪র্থ বিষয় পরিবর্তন বা সংশোধনের কোন সুযোগ নেই।

সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে উদ্বিগ্ন না হওয়ার জন্য অনুরোধ করা হলো।

২৭/০৭/২১

(সমীর কুমার কুড়ু)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৬৮